স্বাধীনতা বিরোধীতারা এখনও সোচ্চার —অ্যাড. শামীম আল সাইফুল

মেহেরপুরে “তারুণ্যের জয়যাত্রা” সমাবেশে শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন, অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং ডিজিটাল বাংলাদেশকে স¥◌ার্ট বাংলাদেশে উন্নিত করণে বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা যুবলীগের “তারুণ্যের জয়যাত্রা” সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

আজ সোমবার বিকালে শহীদ সামসুজ্জোহা নগর উদ্যানে আয়োজিত এই বিশাল জনসভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের সঞ্চালনায় অনুষ্ঠিত এই জন সভায় বক্তব্য রাখেন, কেন্দ্রীয় যুবলীগের সদস্য জাকির হোসেন, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, মুজিবনগর উপজেলা যুবলীগের সাবেক সভাপতি ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সদস্য কামরুল হাসান চান্দু, গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ, মেহেরপুর সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও পৌর সভার কাউন্সিলর আল মামুন, গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়া, জেলা যুবলীগের সদস্য সামসুর রহমান সাজু।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাপদেশ আওয়ামী যুবলীগের সদস্য অ্যাডভোকেট হুমায়ূন কবির, মো: রেজাউল ইসলাম, ম. জেমস স্বপন মল্লিক বাবু।

প্রধান অতিথির বক্তব্যে অ্যাডভোকেট শামীম আল সাইফুল সোহাগ আরও বলেন, বিশ^ ব্যাংকের টাকা ফেরৎ দিয়ে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ করে দক্ষিণ পশ্চিমাঞ্চলের মানুষের দূর্দশা কমিয়েছেন প্রধান মন্ত্রী। তিনি মেট্রোরেল, বঙ্গবন্ধু ট্যানেল, ফ্লাইওভ্যারসহ মেগা প্রকল্প স্থাপন করে বিশ^কে তাক লাগিয়েছেন। সারা পৃথিবী যখন করোনায় পরাস্থ হয়েছিল, তখন যুবলীগের কর্মীরা জীবনের ঝুঁকি নিয়ে মানুষের বাড়ি বাড়ি খাবার পৌছে দিয়েছেন।

তিনি আরও বলেন, স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশ যখন উন্নত বাংলাদেশের পরিণত, ঠিক তখন পাকিস্তান এখন তলাবিহীন ঝুড়িতে পরিণত হয়েছে। অথচ, বিএনপির সাধারণ সম্পাদক ফকরুল সাহেব বলেন আমরা পাকিস্তান আমলেই ভাল ছিলাম।

জাতীয়করণের দাবিতে গাংনীতে শিক্ষকদের মানববন্ধন

বেসরকারি স্বীকৃতিপ্রাপ্ত সকল স্তরের স্কুল, কলেজ, মাদ্রাসা, বিএম কলেজ, ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৭ জুলাই) দুপুর পৌনে বারোটার দিকে গাংনী প্রেসক্লাবের সামনের সড়কে উপজেলার মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা মানববন্ধনে অংশ নেন।

গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেনের সভাপতিত্বে এবং রাইপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মিজানুর রহমানের সঞ্চালনায় মানববন্ধনে দাবী দাওয়া তুলে ধরে বক্তব্য রাখেন, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মনিরুজ্জামান, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আব্দুল করিম, সিএফএম মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আল হেলাল ও গাংনী স্কুল এন্ড কলেজের শিক্ষক শফি কামাল কামাল পলাশসহ শিক্ষকবৃন্দ।

গাংনীতে গলায় ফাঁস দিয়ে

বৃদ্ধার মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামে বসতঘরের আড়ার সাথে গলায় ফাঁস দিয়ে পানসোনা খাতুন (৬৫) নামের এক বৃদ্ধা আত্মহত্যা করেছে। তিনি দেবীপুর স্কুল পাড়ার আব্দুস সাত্তারের স্ত্রী। আজ সোমবার সকাল সাড়ে ১০টার দিকে এ আত্মহত্যার ঘটনাটি ঘটে।

স্থানীয়রা জানান, পানসোনা খাতুন মানসিক ভাবে দীর্ঘদিন ধরে সমস্যায় ভুগছিলেন। গেল কয়েকদিন আগে চোখ অপারেশন করে আসার পর থেকে বেশি অসুস্থ হয়ে পড়েন। তিনি নিদিষ্ট কোন কারণ ছাড়াই মানসিক সমস্যার জন্য আত্মহত্যা করেছেন বলে এলাকাবাসীর ধারণা।

পানসোনা খাতুনের স্বামী আব্দুস সাত্তার বলেন, আমি সকাল বেলায় মাঠে ঘাস কাটতে গিয়েছিলাম; এরমধ্যে আমার এক ভাই এসে খবর দিলে বাড়ি ছুটে এসে দেখি ঘরের আড়ার সাথে ওড়না পেচিয়ে গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করেছে। পরে আমার এক নাতি হাঁসুয়া দিয়ে ওড়না কেটে মরদেহ নিচে নামায়।

এদিকে ঘটনাস্থলে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোঃ আজমল হোসেন, গাংনী থানার (ওসি) তদন্ত মনোজিৎ কুমার নন্দী সহ পুলিশের একটি টিম উপস্থিত হয়েছেন।

আড়ম্বর পরিবেশে মেহেরপুর বাজু’সের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

সোনায় বিনিয়োগ, ভবিষ্যতের সঞ্চয় প্রতিপাদ্যে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন (বাজুস) এর ৫৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

সোমবার সকাল ১১ টার সময় একটি বর্ণাঢ্য র্যালী মেহেরপুর কাঁসারি বাজার সোনা পট্টি থেকে বের হয়ে বড়বাজার ও ডিসি কোর্ট চত্তর

ঘুরে একই স্থানে এসে শেষ হয়। বাজুসের মেহেরপুর জেলা শাখার কার্যালয়ের সামনে ৫৮ তম প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটা হয়। পরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশনের মেহেরপুর জেলা শাখার সভাপতি ইশ্বর কুমার পাত্রের সভাপতিত্বে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বাজুসের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক শেখ মোমিন, সহ-সভাপতি আব্দুল মজিদ, যুগ্ম সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মনা, অর্থ সস্পাদক ইমদাদুল ইসলাম প্রমুখ।

আলোচনা সভায় বাজুসের কেন্দ্রীয় সভাপতি সায়েম সোবহান আনভীরের দীর্ঘায়ু কামনা করে বক্তারা বলেন, দেশে এখন জুয়েলারি ব্যবসার স্বর্ণযুগ চলছে। আগে স্বর্ণ ব্যবসায়ীরা নানাভাবে হয়রানির স্বীকার হয়েছেন। এই ব্যবসা টিকিয়ে রাখতে তারা বিভিন্ন কারনে জেল পর্যন্ত খেটেছেন। এখন ব্যবসায়ীরা নির্বিঘ্নে জুয়েলারি ব্যবসা করতে পারছেন। এসময় মেহেরপুর জেলার বিভিন্ন স্তুরের স্বর্ণ ব্যবসায়ী ও স্বর্ণশিল্পর সাথে জড়িত কারিগরবৃন্দ উপস্থিত ছিলেন। এ ছাড়াও

মুজিবনগর: বাজুসের ৫৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মুজিবনগর উপজেলা জুয়েলার্স এসোসিয়েশনের পক্ষ থেকে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা জুয়েলার্স এসোসিয়েশনের সভাপতি আব্দুর রাজ্জাক ও সাধারণ সম্পাদক স্বরজিৎ এর নেতৃত্বে একটি র্যালী বল্লভপুর রোড থেকে শুরু হয়ে কেদারগঞ্জ হয়ে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। পরে সেখানেই সংক্ষিপ্ত আলোচনা সভা ও কেক কাটা হয়। এসময় জুয়েলার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক স্বরোজিৎ কুমার, রনজিৎ কুমার, মোশাররফ হোসেনসহ এসোসিয়েশনের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনী : গাংনী উপজেলা জুয়েলার্স এসোসিয়েশন (বাজু’স) এর উদ্যোগে বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন এর ৫৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে একটি র্যালি গাংনী থানার মোড় থেকে শুরু হয়ে গাংনী হাসপাতাল বাজার ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত আলোচনা সভা ও কেক কাটা হয়। এসময় বাজুস গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক শুষান্ত কুমার পাত্র, সহসভাপতি সালাহ উদ্দীন, যুগ্ম সাধারণ সম্পাদক রানা আহম্মেদ সহ অন্যান্যরা

উপস্থিত ছিলেন।

মেহেরপুর টিটিসিতে কোরিয়ান ভাষা কোর্সের আনুষ্ঠানিক উদ্বোধন

মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) তে কোরিয়ান ভাষা এবং সেভ মটর ড্রাইভিং এবং ব্যাসিক মেইনটেন্যান্স কোর্সের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম সোমবার (১৭ জুলাই) দুপুরের দিকে টিটিসি ভবনে এই কোর্সের অনুষ্ঠানিক উদ্বোধন করেন।

টিটিসির অধ্যক্ষ মো: আরিফুল হোসেন তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সিভিল ইন্সট্রেক্টর শিখা খানম, কম্পিউটার ইন্সট্রেক্টর আলামিন হোসেন, ইলেক্ট্রনিক ইন্সট্রেক্টর মাসুদ পারভেজ, ইলিকট্রিক্যাল ইন্সট্রেক্টর সোহেল রানা, গার্মেন্টস ইন্সট্রেক্টর আনিছুর রহমান, চালক ইন্সট্রেক্টর সাজিবুল ইসলাম, জাপানী ভাষা প্রশিক্ষক আল ইমরান, কোরিয়ান ভাষা প্রশিক্ষক শফিকুল আলম প্রমুখ।

মেহেরপুর টিটিসিতে

প্রশিক্ষণার্থী শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

মেহেরপুর জেলা প্রশাসকের উদ্যোগে মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) এর প্রশিক্ষণার্থী শিক্ষার্থীদের মাঝে ফলজ, বনজ ও ওষধি গাছের এক হাজার চারা বিতরণ করা হয়েছে।

আজ সোমবার (১৭ জুলাই) দুপুরের দিকে মেহেরপুর টিটিসি প্রাঙ্গনে আনুষ্ঠানিকভাবে এই চারা বিতরণ করেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

টিটিসির অধ্যক্ষ মো: আরিফুল হোসেন তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত গাছের চারা বিতরণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সিভিল ইন্সট্রেক্টর শিখা খানম, কম্পিউটার ইন্সট্রেক্টর আলামিন হোসেন, ইলেক্ট্রনিক ইন্সট্রেক্টর মাসুদ পারভেজ, ইলিকট্রিক্যাল ইন্সট্রেক্টর সোহেল রানা, গার্মেন্টস ইন্সট্রেক্টর আনিছুর রহমান, চালক ইন্সট্রেক্টর সাজিবুল ইসলাম, জাপানী ভাষা প্রশিক্ষক আল ইমরান, কোরিয়ান ভাষা প্রশিক্ষক শফিকুল আলম প্রমুখ।

মুজিবনগরে বৃদ্ধের আত্ম*হত্যা

মুজিবনগরে আম গাছের সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে জাহান আলী (৬৫) নামে এক বৃদ্ধ।

জাহান আলী মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামের মৃত সেধু মালের ছেলে। গতকাল রবিবার দিবাগত রাতের কোন এক সময় মুজিবনগর উপজেলার মানিকনগর-নাজিকোনা রোডে লাউগাড়া মাঠে জৈনেক হিসাব এর পুকুরের পাশে আমগাছের সাথে গলাই রশি দিয়ে আত্মহত্যা করে সে।

আত্মহত্যার বিষয়ে বাগোয়ান ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ড সদস্য রফিকুল ইসলাম মেহেরপুর প্রতিদিনকে বলেন, কি কারনে সে আত্মহত্যা

করেছে এটা বলা যাচ্ছে না। তবে তার মাথার সমস্যা ছিল।

ঘটনা সত্যতা স্বীকার করে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি)মেহেদি রাসেল মেহেরপুর প্রতিদিনকে বলেন, জাহান আলী রবিবার দিবাগত রাত্রের কোন এক সময় গলায় ফাঁসি দিয়ে আত্মহত্যা করে। পরিবারের কোন অভিযোগ না থাকায় এবং তার মাথায় কিছুটা সমস্যা থাকার কারণে ময়নাতদন্ত ছাড়াই পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে ।

এ সময় মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোঃ আজমল হোসেন ঘটনাস্থল পরিদর্শন করেন।

গাংনীতে মোটরসাইকেল দুর্ঘটনায় আহত শুভ মারা গেছে

গাংনী উপজেলার বামন্দী কাজিপুর সড়কের সাহেবনগর তালতলা নামক স্থানে দ্রুত গতিতে মোটরসাইকেল চালাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে কাঁঠাল গাছে ধাক্কা লেগে গুরুতর আহত ৩ কিশোরের মধ্যে শুভ হোসেন
(১৩) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে।

আজ সোমবার (১৭ জুলাই) সকালের দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে।
নিহত শুভ কাজিপুর হালসানা পাড়ার সৌদি প্রবাসী শিপন আলীর ছেলে।

এছাড়া একই গ্রামের স্বপন আলীর ছেলে জয় (১৪) এবং নওদাপাড়া গ্রামের শহিদুল ইসলামের ছেলে হাসিব (১৬) চিকিৎসাধীন রয়েছে।

গতকাল রবিবার (১৬ জুলাই) বেলা ১১টার দিকে সাহেবনগর তালতলা নামক স্থানে এই দুর্ঘটনাটি ঘটে।

প্রত্যক্ষদর্শিরা জানান, এক মোটরসাইকেলে ৩ জন দ্রুত গতিতে মোটরসাইকেল চালাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে কাঁঠাল গাছে ধাক্কা দেয়। ঘটনা স্থল থেকে গুরুতর আহত অবস্থায় তিনজনকে বামন্দীর একটি ক্লিনিকে নেওয়া হয়। পরে আশঙ্কাজনক অবস্থায় শুভকে রাজশাহীতে এবং

জয়কে কুষ্টিয়ায় রের্ফাড করা হয়েছে। শুভ’র হাতের একটি হাড় কাঁঠাল গাছের সাথে গেঁথে যায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরের দরবেশপুরে শিক্ষার্থী ঝরে পড়া রোধে উঠান বৈঠক অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মান সম্মত শিক্ষা ও ঝরে পড়া রোধ ও অনিয়মিত বিদ্যালয়ে আসা ছাত্রছাত্রীদের অভিভাবকদের নিয়ে আজ রবিবার সকাল ১০ টার দিকে বারাদী ইউনিয়নের দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযান এর সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের পিটিএ সভাপতি মো: আশাদুল ইসলামের সভাপতিত্বে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন ইউপি সদস্য জাহাঙ্গীর আলম।

আরো বক্তব্য রাখেন প্রধান শিক্ষক শহিদুল ইসলাম, সহকারী শিক্ষক রিপন ইসলাম এবং ওয়াচ সদস্য ছাকন উদ্দীন,গোলাম মোস্তফা শান্তি। এছাড়া অনুষ্ঠানে অভিভাবকগণ সহ, জন প্রতিনিধি, এস এম সি, ও ওয়াচ গ্রুপ সদস্য অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

সভায় ঝরে পড়া, বাল্যবিবাহ রোধসহ ছাত্রছাত্রীদের অনিয়মিত বিদ্যালয়ে আসা দুর করতে এস.এম.সি, শিক্ষক, পিটিএ ও ওয়াচ কমিটি একসাথে কাজ করতে পৃথক কর্মসূচী গ্রহন করে।

মেহেরপুর মাসিক উন্নয়ন সমন্বয় ও জেলা কর্ণধর কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার মাসিক উন্নয়ন সমন্বয় সভা ও জেলা কর্ণধর কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল থেকে পর্যায়ক্রমে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ দুটি সভা অনুষ্ঠিত হয়।

সকাল ১০ টার সময় জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে মাসিক উন্নয়ন সমন্বয় সভা ও জেলা কর্ণধর কমিটির সভায় বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান মহা: আব্দুস সালাম, মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক শামীম রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শম্ভু রামপাল, আরএমও ডাঃ মোখলেছুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, মেহেরপুর সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক, বিআরডিবির উপ-পরিচালক জাকিরুল ইসলাম, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া, জেলা নির্বাচন কর্মকর্তা ওয়ালিউল্লাহ, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বিসহ জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।